



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল  
সংস্থাপন শাখা



জেলা পর্যায়ে ২০২২-২০২৩ অর্থবছরের নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	জসীম উদ্দীন হায়দার জেলা প্রশাসক
সভার তারিখ	১৮ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ
সভার সময়	বেলা ১১:০০ ঘটিকা
স্থান	জুম প্লাটফর্ম
উপস্থিতি	জুম প্লাটফর্মে সংযুক্ত অংশীজনবৃন্দ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জেলা পর্যায়ে নৈতিকতা কমিটির সদস্য সচিব অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ মোতাবেক ১ম নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১। গত সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ	সভায় গত ত্রৈমাসিক সভার কার্যবিবরণী পাঠ করা হয়।	গত ত্রৈমাসিক সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল এবং সদস্য সচিব, নৈতিকতা কমিটি
০২। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ অনুসরণ	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতঃ যথাসময়ে কর্তৃপক্ষ বরাবরে প্রতিবেদন প্রেরণের বিষয়ে আলোচনা হয়।	জেলা ও উপজেলা পর্যায়ের অফিসসমূহে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ অনুসরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল এবং সদস্য সচিব, নৈতিকতা কমিটি; উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল
০৩। নিয়মিত সভা আয়োজন এবং সভার কার্যবিবরণী ওয়েবপোর্টালে আপলোড করণ	২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্য অনুযায়ী নিয়মিত ত্রৈমাসিক সভা আয়োজন এবং সভার কার্যবিবরণী স্ব স্ব ওয়েবপোর্টালের নির্ধারিত শুদ্ধাচার কৌশল বক্সে আপলোড নিশ্চিতের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	নিয়মিত ত্রৈমাসিক সভা আয়োজনপূর্বক সভার কার্যবিবরণী স্ব স্ব ওয়েবপোর্টালের নির্ধারিত শুদ্ধাচার কৌশল বক্সে আপলোড নিশ্চিত করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল এবং সদস্য সচিব, নৈতিকতা কমিটি; উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল; প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল
০৪। ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ওয়েবপোর্টালে আপলোড করণ	২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আলোকে ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণসহ ওয়েবপোর্টালে আপলোড নিশ্চিতের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	নিয়মিত ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণসহ ওয়েবপোর্টালে আপলোড নিশ্চিত করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল এবং সদস্য সচিব, নৈতিকতা কমিটি; উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল

০৫। ওয়েবপোর্টালে শুদ্ধাচার কৌশলের জন্য নির্ধারিত সেবা বক্স হালনাগাদকরণ	শুদ্ধাচার কৌশল সংক্রান্ত সেবা বক্সের তথ্যাদি নিয়মিত হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশালের ওয়েবপোর্টালে প্রদত্ত “শুদ্ধাচার কৌশল” বক্সের আদলে স্ব স্ব ওয়েবপোর্টালের শুদ্ধাচার বক্স প্রণয়নপূর্বক নিয়মিত হালনাগাদ করতে হবে। খ) শুদ্ধাচার বক্সের সকল তথ্য ত্রুটিমুক্তভাবে হালনাগাদ ও সমৃদ্ধ করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল এবং সদস্য সচিব, নৈতিকতা কমিটি; উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল; প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল
০৬। ওয়েবপোর্টাল হালনাগাদকরণ	জেলা ও উপজেলা প্রশাসনের সকল ওয়েবপোর্টাল হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা ও উপজেলা প্রশাসনের সকল ওয়েবপোর্টাল হালনাগাদ করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি; উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল; প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল
০৭। কার্যবিবরণীর সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ	শুদ্ধাচার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক অগ্রগতি প্রতিবেদন নিয়মিত এ কার্যালয়ে করতে হবে।	শুদ্ধাচার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক অগ্রগতি প্রতিবেদন নিয়মিত এ কার্যালয়ে প্রমাণকসহ প্রেরণ করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি;

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে কাজ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



জসীম উদ্দীন হায়দার  
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.১০.০৬০০.১০৭.৫৮.০১৫.২২.৫৭৯

তারিখ: ৩ আশ্বিন ১৪২৯

১৮ সেপ্টেম্বর ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩) বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
- ৪) উপ পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল
- ৫) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল
- ৬) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বরিশাল
- ৭) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বরিশাল
- ৮) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বরিশাল

- ৯) উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল
- ১০) সহকারী কমিশনার (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
- ১১) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, বরিশাল
- ১৩) প্রশাসনিক কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল



জসীম উদ্দীন হায়দার  
জেলা প্রশাসক